



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/২৩৯/১৩-২৪

তারিখ: ২৯/০৮/২০১৮

### প্রেস বিজ্ঞপ্তিঃ

## প্রতিবন্ধীদের অধিকার সুরক্ষায় সরকারকে কমিশন কর্তৃক প্রস্তুতকৃত জাতীয় কর্মপরিকল্পনা দ্রুত গ্রহণ করার আহ্বান কাজী রিয়াজুল হকের

২৯ আগস্ট ২০১৮ তারিখ কমিশন কার্যালয়ে জাতীয় মানবাধিকার কমিশনের “প্রতিবন্ধী ব্যক্তি ও অটিজম বিষয়ক কমিটি” এর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে নেপালে বিমান দুর্ঘটনায় প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার প্রতিষ্ঠার কাজে নিয়োজিত মানবাধিকার কর্মী রফিকুজ্জামানের মৃত্যুতে শোক প্রস্তাব গৃহীত হয়। সভায় সভাপতির বক্তব্যে কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেন, “বাংলাদেশ প্রতিবন্ধীদের অধিকার বিষয়ক কনভেনশন অনুসাক্ষরকারী প্রথম দেশগুলোর মধ্যে অন্যতম। জাতিসংঘের প্রতিবন্ধীদের অধিকার বিষয়ক কমিটিতে প্রতিবেদন দাখিল করার জন্য কমিশন কর্তৃক সরকারের কাছে সুপারিশ পাঠানোর পরে সরকার ২০১৭ সালে সেই প্রতিবেদন পাঠিয়েছে। এছাড়া আমরা প্রতিবন্ধীদের অধিকার সুরক্ষাকল্পে জাতীয় কর্মপরিকল্পনার খসড়া করে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পাঠিয়েছি। আশা করছি সরকার খুব দ্রুত এই পরিকল্পনা গ্রহণ করে বাস্তবায়ন করবে। এছাড়াও বৈষম্য বিলোপ আইনের খসড়া দিয়েছি আইন মন্ত্রণালয়ে। তথ্যপ্রযুক্তি বিভাগ, এটুআই, সংস্কৃতি মন্ত্রণালয়ে আধা সরকারি পত্র দেওয়া হয়েছে। প্রতিটা প্রতিষ্ঠান যদি সহযোগিতার হাত বাড়ায় তাহলে আমরা অনেক প্রতিবন্ধী মানুষের ক্ষমতায়ন করতে পারব।

সভায় প্রতিবন্ধীদের অধিকার বিষয়ক বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার প্রতিনিধিরা পরিবহনে প্রবেশগম্যতা নিশ্চিত করার বিষয়ে সরকারকে সুপারিশ পাঠানোর জন্য কমিশনকে অনুরোধ করেন। তাঁরা বলেন, মেট্রোরেল স্টেশনে লিফট স্থাপন করার বিষয়ে কমিশনকে এখন থেকেই অ্যাডভোকেসি করতে হবে। প্রতিবন্ধীদের কর্মসংস্থানের সুযোগ আরও বিস্তার করার জন্য সম্মিলিতভাবে কাজ করে যেতে হবে। প্রতিবন্ধী সুরক্ষা ও অধিকার বিষয়ক আইন ২০১৩ এর বাস্তবায়ন করার বিষয়ে সরকারকে আরও সক্রিয় হওয়া প্রয়োজন বলে মত প্রকাশ করেন তাঁরা। তাঁরা আরও বলেন, অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের নিয়ে আলোচনা হয় কিন্তু অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন প্রাপ্তবয়স্ক মানুষের বিষয়ে আলোচনা হয়না। অভিভাবকের মৃত্যুর পর তাদের দেখা শূন্য বা পুনর্বাসনের জন্য কাজ করতে হবে।

সভায় উপস্থিত ছিলেন, কমিশনের সদস্য নুরুন নাহার ওসমানী, কমিশনের প্রতিবন্ধী ব্যক্তি ও অটিজম বিষয়ক কমিটির সদস্য সচিব ফারহানা নাজনীন তুলতুল, জনসংযোগ কর্মকর্তা ফারহানা সাঈদ, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উপ-পরিচালক মোঃ জাহিদসহ প্রমুখ।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন